AQA

# GCSE
# BENGALI

**F**

Foundation Tier Paper 1 Listening Test Transcript

Wednesday 5 June 2024 Afternoon Time allowed: 35 minutes approximately
(including 5 minutes' reading time before the test)

**FOR INVIGILATOR'S USE ONLY**

**The pauses are pre-recorded for this test**.

This is what you should do for each item.
- After the question number is announced, there will be a pause to allow you to read the instructions and questions.
- Listen carefully to the recording and read the questions again.
- Listen to the recording again, and then answer the questions.
- When the next question is about to start you will hear a bleep like this (*).
- You may write at any time during the test.
- In **Section A**, answer the questions in **English**. In **Section B**, answer the questions in **Bengali**.
- You must answer **all** the questions in the spaces provided. Do **not** write outside the box around each page or on blank pages.
- Write neatly and put down **all** the information you are asked to give.
- **Ask any questions now. You must not ask questions or interrupt during the test.***
- You now have five minutes to read through the question paper. You may make notes during this time. You may open your answer book now.
- **The test starts now**.

Once the test has started, the invigilator must not pause it **at any time** as all pauses, including the five minutes' reading time, are pre-recorded.

*If candidates ask any questions at this point, the invigilator should pause the recording until the questions have been answered. The recording should then be restarted.

## Section A

Questions and answers in **English**

**0 1** **F1** গাড়িতে বা বাসে করে স্কুলে যাওয়ার সুযোগ থাকলেও আমি হেঁটে স্কুলে যাই।

**0 2** **F1** আমার স্কুল সকাল নয়টায় শুরু হয়। সকাল আটটায় ঘুম থেকে উঠে আমি সাড়ে আটটার মধ্যে স্কুলে পৌঁছে যাই।

**0 3** **M2** আমরা সোম ও বুধবারে ফুটবল খেলা প্র্যাকটিস করি আর প্রতি শনিবারে ম্যাচ খেলি। বন্ধুরা টিমে থাকে তাই খেলা অনেক উপভোগ করি।

**0 4** **F2** বাংলাদেশে দর্শনীয় স্থানগুলোর তালিকায় সাগরতীর, বন, দ্বীপ এসব থাকলেও এই বছর সবচেয়ে পছন্দের গন্তব্য হলো দ্বীপ। অবশ্য দ্বিতীয় পছন্দের গন্তব্য সাগরতীরগুলোর মধ্যে ইনানি, কুয়াকাটা আর পতেঙ্গা থাকলেও জনপ্রিয়তায় এগিয়ে আছে ইনানি। সেখানকার রেস্তোরাঁগুলোতে উল্লেখযোগ্য মাছগুলোর মধ্যে আছে ইলিশ, টুনা আর আইর। তবে এগুলোর মধ্যে টুনা কম পছন্দের।

**0 5** **M1** আজকাল শতকরা তিরিশ ভাগ ছেলেমেয়েরা টেলিভিশন দেখে সময় কাটায়।

**0 6** **M1** ছেলেমেয়েরা কনটেন্ট দেখার জন্য বেশির ভাগ সময় ফোন ব্যবহার করে কারণ সেটা নিজের।

**0 7** **M1** যখন সামাজিক মাধ্যম ছিলো না তখন ছেলেমেয়েরা বাইরে সময় কাটাতো।

**0 8** **F2** ছোটোবেলা আমি তবলা বাজানো শিখেছিলাম। যখন আমার বয়স ১৩, তখন আমার বাবা আমাকে একটা হারমোনিয়াম উপহার দেন। পরে আমি গিটার বাজাতে শুরু করি। এগুলোর মধ্যে আমি গিটার বাজানো বেশি পছন্দ করি। এর সুর যখন দর্শকেরা উপভোগ করে, তখন আমি খুব আনন্দ পাই।

**0 9** **M2** আমি ইউনিভার্সিটিতে আমার ডিগ্রির পাশাপাশি বাংলা শিখছি। অনেকেই মনে করেন ইংল্যান্ডে বাংলা ভাষা নিয়ে উচ্চশিক্ষার কোনো সুযোগ নেই। এ ধারণাটি ভুল। এখনও কয়েকটি ইউনিভার্সিটিতে বাংলা পড়ার সুযোগ আছে। অন্তত দুটি ভাষা জানলে যেমন কাজ পাওয়ার সুযোগ বাড়ে, তেমনি কাজে বেতনও বেশি পাওয়া যায়।

**1 0** **F1** ২০২৬ সালে ইংল্যান্ড প্রথমবারের মতো মহিলাদের টি টোয়েন্টি বিশ্বকাপ ক্রিকেট প্রতিযোগিতা আয়োজন করতে যাচ্ছে।

**1 1** **F1** মহিলাদের ইউরো ফুটবলে সফলতার পর ইংল্যান্ডে টি টোয়েন্টি বিশ্বকাপের আয়োজন মেয়েদের ক্রিকেট খেলায় আগ্রহী করবে।

**1 2** **F1** ২০২৬ সালের টি টোয়েন্টি ক্রিকেটে দশটি নয় বরং বারোটি দেশ খেলবে আর সব মিলিয়ে মোট তেত্রিশটি ম্যাচ খেলবে।

**1 3** **M1** আমি আমার বন্ধু নাফিস, কাজিন ও বোন সম্বন্ধে কথা বলছি। বন্ধু নাফিসের বয়স পনেরো, কাজিনের বয়স সতেরো আর বোনের বয়স ষোলো।

**1 4** **M1** আমার বন্ধুটি খুব চালাক। আমার কাজিনটি মজার হলেও বোনটি খুব শান্ত।

**1 5** **M1** আমার কাজিন ও বোন দুজনেই নাচ-গানে দারুণ। আর বন্ধুটি ভালোই সাঁতার কাটতে পারে।

**1 6** **F1** 'শাপলা' নামের একটি অ্যাপ বাংলা সংবাদপত্র পড়ার জন্য তৈরি করা হয়েছে। এই অ্যাপে বাংলাদেশের প্রধান দশটি বাংলা দৈনিক সংবাদপত্রের সংবাদ পড়া সম্ভব। তবে অন্যান্য বিষয়ের খবরের পাশাপাশি এই অ্যাপে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সংবাদ পড়ার সুযোগ থাকলে ভালো হতো।

**1 7** **M2** বাংলাদেশের আরেকটি অ্যাপ হলো 'ডকটাইম'। কেউ অসুস্থ হলে চিকিৎসা সেবার এই অ্যাপ ব্যবহার করে সব সময় ডাক্তারের পরামর্শ নেওয়া যায়। বিশ্বের বিভিন্ন দেশে অনেক বাংলাদেশি থাকলেও দেশের বাইরে থেকে এই অ্যাপ ব্যবহারের সুযোগ নেই।

**1 8** **M1** এ বছর স্কুলের চ্যারিটিতে ছিলো নিজের সংস্কৃতির পোশাক পরা। গত বছর চ্যারিটিতে ছিলো গাড়ি পরিষ্কার করা আর সেদিন বৃষ্টি পড়েছিলো। এই বছর চ্যারিটির দিনটিতে কিছু সময়ের জন্য আকাশ মেঘলা থাকলেও পরে রোদ উঠেছিলো। স্কুলে বেইক সেইলের মতো বিভিন্ন চ্যারিটির মাধ্যমে টাকা সংগ্রহ ও ছেলেমেয়েদের সচেতন করা গেলেও আমি মনে করি চ্যারিটি করে পাওয়া কাজের অভিজ্ঞতা বেশি দরকারি।

**1 9** **F2** এ বছরে মুক্তি পেয়েছে প্রেম, হাসি, কান্না, গোয়েন্দা-গল্প ও দুঃসাহসিক অভিযান নিয়ে বানানো চলচ্চিত্র। দর্শক জনপ্রিয়তায় এ বছর সবচেয়ে এগিয়ে রোমাঞ্চকর চলচ্চিত্রগুলো। তবে তেমন সাড়া জাগায়নি প্রেমের চলচ্চিত্র। আর পছন্দের তালিকায় এই দুই ধরনের চলচ্চিত্রের মাঝে জায়গা করে নিয়েছে গোয়েন্দা কাহিনিগুলো।

**2 0** **M1** গত বছর আমরা স্কুল-ক্লাবের পক্ষ থেকে স্কুলে শাকসবজির বাগান করেছিলাম। এখন এই বছরের পরীক্ষার্থীদের ব্যবহৃত পুরনো বই আগামী বছরের ছেলেমেয়েদেরকে দিচ্ছি। ঠিক করেছি আগামীতে স্কুলে ময়লা ফেলার পাত্রের ব্যবস্থা করবো।

## Section B

Questions and answers in **Bengali**

**2 1** **F2** বিভিন্ন আকারের পাহাড়ে ঘেরা শান্ত সবুজ প্রকৃতির আমাদের এই এলাকা। এখানে চা বাগান না থাকলেও এখানকার কমলা আর লেবু বিখ্যাত। এই এলাকার প্রায় সব পরিবারের কেউ না কেউ বিদেশে থাকেন। অনেক মানুষ এই এলাকায় বেড়াতে আসেন তবে এখানে কোনো ভালো রিসোর্ট নেই। আমি মনে করি মনোরম রিসোর্ট থাকলে অতিথিরা তাঁদের পছন্দের রিসোর্ট বেছে নিতে পারবেন।

**2 2** **M2** আমি মামুন। স্কুলে কোনো কোনো টিচার ভালো ফলাফলের জন্য ক্লাসে কঠিন নিয়ম-কানুন মেনে পড়ান। আমার যেসব টিচার মজা করে শেখান তাঁদের লেসন ভালো লাগে।

**F1** আমি নীলা। হ্যাঁ, অনেক টিচারই খুব কড়া বা মজার হন। কেউ কেউ লেসনের জন্য তৈরি হয়ে আসেন। আমি মনে করি ছেলেমেয়েদের পরীক্ষায় ভালো ফলাফলের জন্য তৈরি করাই বেশি দরকারি।

**2 3** **M1** চোখের ব্যায়াম করতে স্ক্রিন ব্যবহারের সময় ২০ মিনিট পর পর এর ব্যবহার বন্ধ রেখে, ২০ ফুট দূরের কিছু একটার দিকে ২০ সেকেন্ড ধরে তাকিয়ে থাকুন। নিয়মিত কমলা ও হলুদ রঙের সবজি এবং ছোটো মাছ খাওয়া চোখের জন্য ভালো। নিয়ম করে বছরে একবার চোখের ডাক্তার দেখান।

**END OF TEST**

**Copyright information**

For confidentiality purposes, all acknowledgements of third-party copyright material are published in a separate booklet. This booklet is published after each live examination series and is available for free download from www.aqa.org.uk.

Permission to reproduce all copyright material has been applied for. In some cases, efforts to contact copyright-holders may have been unsuccessful and AQA will be happy to rectify any omissions of acknowledgements. If you have any queries please contact the Copyright Team.

Copyright © 2024 AQA and its licensors. All rights reserved.